আনাস-কে নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম -এর 'কিরাআত' সম্পর্কে জিজ্ঞেস করা হলো যে, তাঁর 'কিরাআত' কেমন ছিল? উত্তরে তিনি বললেন, “তাঁর কিরাআত মাদ বিশিষ্ট ছিল”

কাতাদাহ হতে বর্ণিত, তিনি বলেন: আনাস-কে নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম -এর 'কিরাআত' সম্পর্কে জিজ্ঞেস করা হলো যে, তাঁর 'কিরাআত' কেমন ছিল? উত্তরে তিনি বললেন, “তাঁর কিরাআত মাদ বিশিষ্ট ছিল”। এরপর তিনি 'বিসমিল্লাহির রহমানির রহীম' [ফাতিহা :১] তিলাওয়াত করে শোনালেন এবং তিনি বললেন, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম 'বিসমিল্লাহ্'' 'আর-রহমান', 'আর-রহীম' পড়ার সময় মাদ করতেন।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহুকে জিজ্ঞাসা করা হয়েছিল, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিভাবে কুরআন তিলাওয়াত করতেন? তিনি বললেন: তিনি তেলাওয়াত করতেন ধীরে ও সুন্দরভাবে স্বর টেনে। তিনি “اللّٰـه” (আল্লাহ) শব্দে "লা" (لام) অক্ষরটি টেনে পড়তেন, “الرَّحْمَـن” (আর-রাহমান) শব্দে "মিম" (م) অক্ষরটি টেনে পড়তেন এবং “الرَّحِيـــــم” (আর-রাহিম) শব্দে "হা" (ح) অক্ষরটি টেনে পড়তেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65245